



GOVERNMENT OF WEST BENGAL

From the office of the Principal

GOVERNMENT GENERAL DEGREE COLLEGE, NARAYANGARH

P.O. Bhadrakali :: Dist: Midnapur (West) :: West Bengal :: Pin: 721437, India, Phone: 03222-236512,13, :: Visit:: www.ngc.ac.in

এটি Admission Prospectus এর একটি অংশ যা বোঝার সুবিধার্থে বাংলায় দেওয়া হলো। কোনোমতেই এটি Admission Prospectus এর বিকল্প নয়। আবেদনকারীকে যে কোনো গুরুত্বপূর্ণ তথ্য জানার জন্য বা সবক্ষেত্রে সব সময় Admission Prospectus দেখতে অনুরোধ করা হচ্ছে।

আবেদনকারী ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে সাধারণ নির্দেশিকা :

১. প্রত্যেক আবেদনকারীকে জানানো হচ্ছে যে, ভর্তির জন্য আবেদন করার আগেই যথেষ্ট বিচার বিবেচনা করে যেন তারা বিষয় নির্বাচন করেন। ভর্তি প্রক্রিয়া শুরু হয়ে যাবার পর বিষয় পরিবর্তনের অনুরোধ বা আবেদন কলেজ কর্তৃপক্ষ মানতে বাধ্য নয়।

২. প্রত্যেক আবেদনকারীকে বানানগত (টাইপিং সংক্রান্ত) ভুলত্রুটি এড়িয়ে যেতে বলা হচ্ছে। আবেদনপত্রে বানানগত (টাইপিং সংক্রান্ত) ভুলত্রুটি থাকলে আবেদনপত্র বাতিল হয়ে যেতে পারে। তথ্য যাচাই করার সময় কোনো আবেদনপত্রে যদি কোনো ভুলত্রুটি খুঁজে পাওয়া যায় তবে কলেজ কর্তৃপক্ষের কাছে সেই আবেদনপত্র বাতিল করার সম্পূর্ণ অধিকার আছে।

৩. আবেদনকারীকে অনলাইন আবেদনপত্র জমা করার সময় আবশ্যিকভাবে একটি পাসপোর্ট সাইজের ছবি (যেটা ৫০ কেবি এর মধ্যে হবে), নিজের স্বাক্ষরের (সই) স্ক্যান (যেটা ৩০ কেবি এর মধ্যে হবে) এবং উচ্চমাধ্যমিক মার্কশীটের স্ক্যান (যেটা ১৫০ কেবি এর মধ্যে হতে হবে) এবং যদি কোনো আবেদনকারী সংরক্ষিত শ্রেণীর (Reservation Category) অন্তর্ভুক্ত হয় (SC, ST, OBC-A, OBC-B, PWD etc.) তাহলে অবশ্যই তাদের কাস্ট/ডিসএবিলাটি সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে (যেটা ১০০ কেবিএর মধ্যে হতে হবে)।

৪. যেকোনো আবেদনে যদি উপযুক্ত সহায়ক নথি (Supporting Documents) না থাকে তাহলে সেই আবেদন বাতিল বলে গণ্য হবে।